



“মুজিববর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
নিউ ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
কর্মসংস্থান শাখা-০১
www.probashi.gov.bd



নং-৪৯.০০.০০০০.০৪৩.১১.০৫৭.২০১৯- ৩৬৬

তারিখ : ১৪-১০-২০২১ খ্রিঃ

বিষয় : নিয়োগানুমতি প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে রিক্রুটিং এজেন্সি মেসার্স দাহমাশি কর্পোরেশন লিমিটেড (আরএল-৭২৭)-এর আবেদনের প্রেক্ষিতে সৌদি আরবস্থ নিয়োগকর্তা প্রতিষ্ঠান Samaya Group Company Ltd. এর অধীনে Normal Worker (Male) পদে ৫০ (পঞ্চাশ) জন পুরুষ কর্মীর নিয়োগানুমতি নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো :-


কোম্পানীর নাম	পদের নাম	কর্মীর সংখ্যা	বেতন (মাসিক) সৌদি রিয়াল	অন্যান্য সুবিধাদি
Samaya Group Company Ltd	Normal Worker (Male)	৫০ জন	৮০০	আহার, বাসস্থান, যাতায়াত, ইকামা, বীমা ও চিকিৎসা ফ্রি; বিমান ভাড়া-উভয়পথ ফ্রি; কর্মঘণ্টা- দৈনিক ০৮ ঘণ্টা, সপ্তাহে ০৬ দিন, শিক্ষানবিশকাল-০৩ মাস; বাৎসরিক ছুটি: ০৩ বছর পর ৬৩ দিন; চুক্তির মেয়াদ- ০৩ বছর; চাকুরির অন্যান্য শর্তাবলী সৌদি আরবের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

সর্বমোট=৫০ (পঞ্চাশ) জন।

শর্তাবলী:

- প্রতি ফ্লাইটে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সীর একজন প্রতিনিধি কর্মীদের সাথে সৌদি আরবে যাবেন অথবা সৌদি আরবের বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার জন্য আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন।
- কোভিড-১৯ এর বিদ্যমান পরিস্থিতিতে নির্ধারিত সময়সীমা অনুসরণ করে যথাযথ প্রক্রিয়ায় কর্মীদের কোভিড টেস্ট নিশ্চিতকরণ এবং স্বাস্থ্য বিধি সংক্রান্ত আনুষঙ্গিক নিয়ম কানুন প্রতিপালন করতে হবে।
- প্রত্যেক গ্রুপে বাংলাদেশী কর্মী সৌদি আরবে পৌঁছার পর সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সী অত্র মন্ত্রণালয়, বিএমইটি এবং বাংলাদেশ দূতাবাস রিয়াদ, বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, জেদ্দা সৌদি আরবে প্রতিবেদন দাখিল করবে।
- বহির্গমন ছাড়পত্রের পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে।
- কর্মী নিয়োগ চুক্তি পত্রের বাংলায় অনুবাদকৃত কপি বিএমইটি কর্তৃক সত্যায়ন করে প্রত্যেক কর্মীকে প্রদান নিশ্চিত করতে হবে।
- বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে চাহিদাপত্র/ক্ষমতাপত্র ও অন্যান্য মূল কাগজপত্র দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক ছাড়পত্র প্রদান করবে।
- কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সী কর্তৃক অভিবাসন ব্যয় বাবদ ৯৫,০০০/- (নব্ব্বান্ন হাজার) টাকা কর্মীর নিকট হতে চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করা যাবে এবং কোনক্রমেই অতিরিক্ত অর্থ গ্রহণ করা যাবে না।
- চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হবে না, অনুমোদিত কর্মীরা কোম্পানিতে অবশ্যই চাকুরী পাবে এবং প্রত্যেক কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা, আবাসন ও অন্যান্য সুযোগ-সুবিধা দেয়া হবে এবং কোন ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সীকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাবর্তন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
- চাকুরির শর্তাবলী সৌদি আরব এর শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।
- ভিসা ডেলিগেশন সংক্রান্ত হালনাগাদ তথ্য (Enjaz IT) যাচাই করতে হবে।
- বিমান ভাড়াসহ অন্য কোন ফি প্রযুক্ত না হলে তা কর্মীর উপর প্রযোজ্য হবে না।
- এ নিয়োগ সম্পন্ন করে অত্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।
- দক্ষতা ভিত্তিক কর্মী প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দক্ষতার বিষয়টি নিশ্চিত হয়ে Smart Card ইস্যু করতে হবে।

- (ঢ) ১ জুলাই ২০১৭ হতে ডাটাবেজ কার্যকর হওয়ায় ডাটাবেইজ থেকে কর্মী নেয়ার বিষয়টি মহাপরিচালক, বিএমইটি নিশ্চিত করবেন।
- (ণ) কর্মীর ফ্লাইট নিশ্চিত হওয়ার পর সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সি কর্তৃক ফ্লাইট সিডিউল ও কর্মীর তালিকা বাংলাদেশ দূতাবাস রিয়াদ, বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, জেদ্দা এবং বিএমইটি-তে দাখিল করতে হবে।
- (ত) চাকুরীদাতা Samaya Group Company Ltd. নামীয় প্রতিষ্ঠানে অনুমোদিত কর্মীগণ কর্মস্থলে যথাযথভাবে কর্মে নিয়োজিত হয়েছেন কিনা তা সরেজমিন যাচাইপূর্বক রিয়াদ নিযুক্ত কাউন্সিলর (শ্রম) বাংলাদেশ দূতাবাস রিয়াদকে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রতিবেদন দিতে হবে।


২৪/১০/২০২২

(সুমমা সুলতানা)
উপসচিব

ফোন : ০২-৪১০৩০২৪২


মহাপরিচালক
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২ কাকরাইল, ঢাকা-১০০০।

নং-৪৯.০০.০০০০.০৪৩.১১.০৫৭.২০১৯- ২৬৬

তারিখ : ১৪-১০-২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩. অতিরিক্ত সচিব (কর্মসংস্থান অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৪. কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস রিয়াদ/জেদ্দা, সৌদি আরব।
৫. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. চেয়ারম্যান, মেসার্স দাহুমাশি কর্পোরেশন লিমিটেড (আর.এল-৭২৭), হাউস নং-৩৩/এ, রোড#১২, ব্লক #এইচ, বনানী, ঢাকা-১২১৩।
৭. অফিস কপি।


২৪/১০/২০২২

(সুমমা সুলতানা)
উপসচিব

ফোন : ০২-৪১০৩০২৪২